**ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্র**

ABSSRK

ESTD : 2002

# দায়বদ্ধতার খণ্ডচিত্র

## অষ্টাদশ সংখ্যা

## ২০২৬

পরিচালনায়


**নিমতা ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটি**

**REGD No. : S/1L/17070**

১৯, এম. বি. রোড, শ্রয়ণ অ্যাপার্টমেন্ট, নিমতা

কোলকাতা - ৭০০০৪৯ (নিমতা হাই স্কুলের পাশে)

**Phone : 2513-7070 / 7439, 2539-2009**

**8585882287 / 9051132429 / 9051129713 / 9038721959**

Email : nimtaabasusmriti@gmail.com

Website : www.abssrk.org



## শোক সংবাদ

গভীর দুঃখের সঙ্গে জানাই, আমাদের সংগঠনের সক্রিয় সদস্য, সকলের প্রিয় বিপ্লব দেওয়ানজী (বুবু) গত ১৪ জানুয়ারি ২০২৬, আমাদের সকলকে বেদনাহত করে অকাল প্রয়াত হয়েছে। সদা হাস্যোজ্জ্বল, সংগঠন অন্তঃ প্রাণ বিপ্লব সংগঠনের কাজে সব সময় নিজেকে উজাড় করে দিতো। কোভিড-১৯ অতিমারী কালীন সময়ে জীবনের ঝুঁকি নিয়েও করোনা আক্রান্ত রোগী বা তার পরিবারের জন্য সংগঠনের তরফে বিপ্লব রিলিফ পৌঁছে দেওয়ার কাজ করতো অবলীলায়। সংগঠনের যে কোনো কর্মসূচিতে বিপ্লব সবসময় থাকতো প্রথম সারিতে। সংগঠন একজন বিশ্বস্ত, একনিষ্ঠ সহকর্মীকে হারালো।

আমরা তাঁর আত্মার চিরশান্তি কামনা করি।

চন্দ্রিমা ভট্টাচার্য্য
রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)
অর্থ দপ্তর, পরিবেশ দপ্তর
কর্মসূচী পর্যবেক্ষণ দপ্তর
রাষ্ট্রমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর,
ভূমি ও ভূমি সংস্কার এবং উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন দপ্তর,
পরিকল্পনা ও পরিসংখ্যান দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

Chandrima Bhattacharya
Minister-of-State (Independent Charge)
Department of Finance, Department of Environment
Department of Programme Monitoring
Minister-of-State
Department of Health & Family Welfare,
Department of L & LR and RR & R,
Department of Planning & Statistics
Government of West Bengal

তারিখ - ২৪/০২/২০২৬

# শুভেচ্ছাবার্তা

আমি জেনে আনন্দিত হয়েছি যে, **'ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটি'**, দ্বারা পরিচালিত ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রের ২৪ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আগামী ১লা মার্চ, ২০২৬ নানা কর্মসূচীর আয়োজন করা হয়েছে এবং স্বাস্থ্যকেন্দ্রটির সারা বছরের ক্রিয়াকলাপ সম্বলিত একটি পত্রিকা ***'দায়বদ্ধতার খন্ডচিত্র'***, ২০২৬ ঐদিন প্রকাশ করতে চলেছেন । আমি আশা রাখি এই পত্রিকা প্রকাশের মাধ্যমে নিমতা অঞ্চলের মানুষ এই স্বাস্থ্যরক্ষা কমিটি গত ২৪ বছর যাবৎ নিমতা অঞ্চলে স্বল্পমূল্যে স্বাস্থ্য পরিষেবা যা যা কাজ করেছেন সে সম্পর্কে সম্যক অবহিত ও উপকৃত হবেন ।

আমি কমিটির এই মহতী উদ্যোগের প্রশংসা জানাই এবং কমিটির সকল প্রশাসকমন্ডলী ও সদস্যদের আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাই ।

চন্দ্রিমা ভট্টাচার্য্য
**(চন্দ্রিমা ভট্টাচার্য্য)**

**শ্রী পুলক পাল**
ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটি
নিমতা, উত্তর ২৪ পরগণা ।

Finance and L & LR-Nabanna, 6th Floor (Room No. 605), 325, Sarat Chatterjee Road, Howrah, Tel : (033) 2253-5491/5492, 2214-0041(F)
H & FW- Swasthya Bhavan, GN-29, Sector - V, Bidhannagar, Kolkata - 700091, Tel-(033) 2333-0229/2357-3629/7929(F)
PS & PM - Joint Administrative Building, 1st Floor, HC 7, Sector III, Salt Lake, Kolkata- 700106
Environment - Prani Sampad Bhavan, 5th Floor, LB-2, Sector-III, Salt Lake, Kolkata - 700106, Tel. : 033 2986 2087, 033 2335 2329

# আমাদের কথা

নিষ্ঠা, সততা এবং আন্তরিকতার সঙ্গে কাজ করলে, সফলতা দরজায় কড়া নাড়ে—কথাটা বহুল চর্চিত। কথাটা যত সত্যিই হোক না কেন, আমরা এর স্পষ্ট প্রমাণ কিন্তু হাতে নাতে পেয়েছি নিমতা ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটির তরফে ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্র পরিচালনা করতে গিয়ে।

২০০৩ সালের ২০ ফেব্রুয়ারি যে সংগঠনের পথ চলা শুরু, গুটি গুটি পায়ে তেইশ বছর অতিক্রম করে সে এখন পূর্ণ যুবক। যৌবনের পদচারণা শোনা যায় তার চলাফেরা, কাজে-কর্মে প্রতিনিয়ত। ডাঃ অমিতাভ বসু (মানিক)-র অকাল প্রয়াণের পর তাঁর অসমাপ্ত কাজ এবং স্বপ্নকে বাস্তবায়নের লক্ষ্যে যে সংগঠনের শুরু তা যে নিমতা এবং পারিপার্শ্বিক অঞ্চলের মানুষের স্বাস্থ্য পরিষেবায় এক নির্ভরযোগ্য ভূমিকা পালন করতে পারছে তা কিন্তু অনস্বীকার্য। মাত্র দুজন ডাক্তার বাবুকে নিয়ে প্রায় শূন্য থেকে যে স্বাস্থ্যকেন্দ্রের প্রাণ প্রতিষ্ঠা হয়েছিল আজ তার ব্যাপ্তি নিমতা অঞ্চল ছাড়িয়ে আরো অনেক দূর প্রসারিত তা বলাই বাহুল্য। ছোট্ট অস্থায়ী ঠিকানায় শুরু করে আজ ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্র ভিন্ন ভিন্ন চারটি নিজস্ব ভবনে সাধারণ এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের দ্বারা স্বাস্থ্য পরিষেবা প্রদান করে চলেছে অসংখ্য মানুষের মধ্যে। প্রতিদিন এক শতাধিক সাধারণ ও বিশেষজ্ঞ চিকিৎসক প্রায় চারশোর বেশি রোগীকে আন্তরিকতার সঙ্গে চিকিৎসা পরিষেবা প্রদান করে চলেছেন। প্যাথলজি, ইসিজি, এক্স-রে, আল্ট্রাসনোগ্রাফি, এন্ডোস্কোপি সহ আরো অনেক অত্যাবশ্যক পরীক্ষা-নিরীক্ষা দ্বারা রোগ নিরাময় হচ্ছে অসংখ্য সাধারণ, দুঃস্থ প্রবীণ নাগরিকদের। এক কথায়, সাধারণ মানুষকে প্রতিনিয়ত আরো বেশি সুন্দর চিকিৎসা পরিষেবা প্রদান করার যে ব্রত গ্রহণ করেছে নিমতা ডাঃ অমিতাভ স্মৃতিরক্ষা কমিটি এবং স্বাস্থ্যকেন্দ্রের সাথে যুক্ত চিকিৎসক ও চিকিৎসা কর্মীবৃন্দ, সেই লক্ষ্য পূরণে আমরা সকলেই অবিচল।

## শ্রদ্ধায় স্মরণে ডাঃ অমিতাভ বসু (মানিক)-র চব্বিশতম প্রয়াণ দিবস উদযাপন

নিমতা ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটির আয়োজনে গত ৩১ জুলাই ২০২৫, বুধবার ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রে এক ঘরোয়া, অনাড়ম্বর মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে ডাঃ অমিতাভ (মানিক) বসুর চব্বিশতম প্রয়াণ দিবস উদযাপন করা হয়। এদিনের অনুষ্ঠানের শুরুতে নিমতা ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটির সভাপতি ডাঃ জ্যোতিপ্রসাদ ব্যানার্জি ডাঃ অমিতাভ বসুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এরপর ডাঃ অমিতাভ বসুর বিদেহী আত্মার শান্তি কামনায় এক মিনিট নীরবতা পালন করা হয়। তারপর সংগঠনের সদস্য, স্বাস্থ্যকেন্দ্রে উপস্থিত কর্মী, উপস্থিত চিকিৎসকগণ এবং রোগী ও রোগীর পরিজনেরা একে একে ডাক্তার বসুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। ডাঃ অমিতাভ বসুর স্বপ্নকে বাস্তবায়নের উদ্দেশ্যে এই সংগঠন এবং স্বাস্থ্যকেন্দ্র গড়ে উঠেছে সকলের আন্তরিক সহযোগিতায়। আসুন সকলে মিলে সেই সংগঠনের কাজে নিজেদের আরো বেশি নিয়োজিত করে সাধারণ মানুষের প্রতি নিজেদের দায়বদ্ধতা পালনের মাধ্যমে ওঁর প্রতি শ্রদ্ধা, ভালোবাসা নিবেদন করি।

# ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রের ২৩ তম প্রতিষ্ঠা দিবস উদযাপন

আপনারা সকলেই জানেন, ২০০৩ সালের ২০ ফেব্রুয়ারি মাত্র দুই জন চিকিৎসকের সহায়তায় অস্থায়ী কেন্দ্রে ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রের পথ চলা শুরু। প্রতি বছরের মতো এবারও ২০ ফেব্রুয়ারি এক অনাড়ম্বর ঘরোয়া অনুষ্ঠানের মধ্য দিয়ে ২৩ তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। প্রথমে নিমতা ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটির সভাপতি ডাঃ জ্যোতিপ্রসাদ ব্যানার্জী মহাশয় ডাঃ অমিতাভ বসুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এরপর উপস্থিত সকলে একে এসে পুষ্পার্ঘ্য অর্পণ করেন ডাঃ অমিতাভ বসুর প্রতিকৃতিতে।

অন্যান্য বছরের মতো এবারও ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রের প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয় ২৩ ফেব্রুয়ারি ২০২৫। এদিনের প্রধান অনুষ্ঠানসূচি ছিল প্রবীণদের হাঁটা প্রতিযোগিতা, শিশু কিশোর কিশোরীদের বসে আঁকো প্রতিযোগিতা, স্বাস্থ্য বিষয়ক আলোচনা, স্বাস্থ্য শিবির, দেহ ও চক্ষুদান শিবির, পুরস্কার বিতরণ এবং প্রতি বছরের ন্যায় স্বেচ্ছায় রক্তদান শিবির।

সকাল সাতটায় সংগঠনের পতাকা উত্তোলন করে মূল অনুষ্ঠানের শুভ সূচনা হয়। পতাকা উত্তোলন করেন সংগঠনের সভাপতি ডাঃ জ্যোতিপ্রসাদ ব্যানার্জী মহাশয়। এরপর নিমতা হাই স্কুল প্রাঙ্গণ থেকে শুরু হয় প্রবীণদের হাঁটা প্রতিযোগিতা। সংগঠনের সম্পাদক শ্রী পুলক পাল মহাশয় বাঁশি বাজিয়ে হাঁটা প্রতিযোগিতার শুভ সূচনা করেন। উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি শ্রী জ্যোতিপ্রসাদ ব্যানার্জী সহ সংগঠনের বিশিষ্ট ব্যক্তিবর্গ। তিনশো চব্বিশ জন প্রতিযোগী অংশ গ্রহণ করেন এই প্রতিযোগিতায়। হাঁটা প্রতিযোগিতা শেষ হয় নিমতা থানার বিপরীতে শিবাচলের বিবেকানন্দ অ্যাথলেটিক ক্লাবে। ক্লাবের পরিচালনায় সকল প্রতিযোগীকে সুন্দর ভাবে আপ্যায়িত করা হয় এবং স্বাস্থ্যকেন্দ্রের তরফে সকল প্রতিযোগীর হাতে সামান্য উপহার তুলে দেওয়া হয়। এরপর সকাল দশটায় ডাঃ অমিতাভ বসুর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন উপস্থিত ব্যক্তিবর্গ।

সকাল সাড়ে দশটায় শুরু হয় ছোট ছোট ছেলেমেয়েদের বসে আঁকো প্রতিযোগিতা। চারশো ছিয়াশি জন শিশু, কিশোর কিশোরী বয়স অনুযায়ী তিনটি গ্রুপে বিভক্ত হয়ে আজকের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

সকাল সাড়ে দশটায় একই সঙ্গে শুরু হয় স্বাস্থ্য শিবির। পূর্ব নির্ধারিত কর্মসূচী অনুযায়ী স্বাস্থ্য শিবিরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা, বিনামূল্যে রেটিনা ও গ্লুকোমা পরীক্ষার ব্যবস্থা ছিল। সকল প্রকার রক্ত, মল-মূত্র, এক্স-রে, অডিওমেট্রিসহ কানের সকল প্রকার পরীক্ষায় এবং পিএফটি, বিএমডি, এনসিভি, ইসিজি পরীক্ষায় পঞ্চাশ শতাংশ ছাড়, এছাড়া বিনামূল্যে বি এম আই (Body Mass Index) পরীক্ষার ব্যবস্থা ছিল।

এখানে এদিন HbA1c, সুগার Fasting সহ সকল প্রকার রক্ত পরীক্ষা করা হয়। তিরানব্বই জন রোগী ডায়াবেটিক রক্ত পরীক্ষা করান। তাছাড়া, বিনামূল্যে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা চিকিৎসা পরিষেবা ও তৎসহ সকল প্রকার রক্ত পরীক্ষা ও এক্স-রে তে পঞ্চাশ শতাংশ ছাড় দেওয়া হয়েছে। এদিন উনত্রিশ জন রোগী এক্স-রে, উনিশ জন USG, কুড়ি জন ECG, PFT করান পাঁচ জন, NCV এক জন এবং Audiometry করান এগারো জন রোগী। চক্ষু পরীক্ষা শিবিরে একাত্তর জন মানুষ চক্ষু পরীক্ষা ও বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ গ্রহণ করেন। দেহ ও চক্ষুদান শিবিরে বারোজন দাতা দেহ ও চক্ষুদানে অঙ্গীকারবদ্ধ হয়ে সামাজিক দায়বদ্ধতা পালন করেছেন।

অনুষ্ঠানের মূল আকর্ষণ স্বেচ্ছায় রক্তদান শিবিরে ১০৮ জন দাতা রক্তদান করে তাঁদের মহানুভবতা ও সামাজিক দায়বদ্ধতার পরিচয় দেন। ব্লাড ব্যাঙ্কের সীমাবদ্ধতার কারণে বেশ কিছু ইচ্ছুক রক্তদাতার রক্ত সংগ্রহ করা সম্ভব হয়নি। আজকের স্বেচ্ছায় রক্তদান শিবিরে বিশেষভাবে উল্লেখযোগ্য ঘটনা হল, দুজন সিভিক ভলান্টিয়ার অনুষ্ঠান স্থলে ডিউটিরত অবস্থায় রক্তদান করেন। এঁদের মানবিকতাবোধে আমরা সকলেই আপ্লুত।

## নতুন ভবনের সংযোজন—স্বাস্থ্যকেন্দ্রের মুকুটে নতুন পালক

উন্নত মানের চক্ষু ও দন্ত চিকিৎসার জন্য অত্যাধুনিক যন্ত্রপাতিসহ স্বাস্থ্যকেন্দ্রের নতুন ভবনের উদ্বোধন করা হয় গত ২২ জুন, ২০২৫। এদিনের অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেছিলেন রহড়া রামকৃষ্ণ মিশন বয়েজ হোম হাই স্কুলের প্রধান শিক্ষক স্বামী মুরলীধরানন্দজী মহারাজ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উত্তর দমদম পুরসভার পৌরপ্রধান শ্রী বিধান বিশ্বাস মহাশয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর দমদম পৌরসভার সকল পৌরপিতা, পৌরমাতাগণ ও বিশিষ্ট চিকিৎসকগণসহ সর্বস্তরের নাগরিকবৃন্দ।

দন্ত ও চক্ষু চিকিৎসা আধুনিকীকরণে ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রের নতুন ভবনে অত্যাধুনিক OCT (Optical coherence tomography) মেশিন, YAG লেসার সিস্টেম, Biometry with A-Scan ultrasound মেশিন এবং Keratometer মেশিন সহ আরও অনেক নতুন নতুন যন্ত্রাদি স্থাপন করা হয়েছে যা এতদঞ্চলে প্রথম।

গত প্রতিষ্ঠা দিবসে অনুষ্ঠিত স্বেচ্ছায় রক্তদান শিবিরে ১০৮ জন রক্তদাতাকে সম্বর্ধনা প্রদান করা হয় এদিনের অনুষ্ঠানে। এছাড়াও গত বছর (২০২৪—২০২৫ শিক্ষাবর্ষে) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ আমাদের সংগঠনের সদস্য, কর্মীদের সন্তানদের এবং নিমতা অঞ্চলের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রথম স্থানাধিকারী ছাত্র-ছাত্রীদের সম্মাননা প্রদান করা হয়।

এদিনের অনুষ্ঠানে অন্যতম আকর্ষণ ছিল সর্বসাধারণের জন্য অডিও ভিস্যুয়াল কুইজ প্রতিযোগিতা। পরিচালনা করেছিলেন কুইজ মাস্টার শুভব্রত চক্রবর্তী মহাশয়। উপস্থিত দর্শকবৃন্দ খুবই আনন্দের সঙ্গে অনুষ্ঠানটিকে উপভোগ করেন।

## রাজ্য জুড়ে রক্তের সংকট — সামাজিক দায়বদ্ধতা পালনে স্বাস্থ্যকেন্দ্র

রাজ্যজুড়ে বিভিন্ন রকম কর্মকাণ্ডের জন্য স্বেচ্ছায় রক্তদান শিবির আয়োজন সংখ্যায় অনেক কম হয়েছে। ফলে রাজ্যের ব্লাড ব্যাংকে রক্তের চাহিদা তীব্র আকার ধারণ করেছে। সেই সমস্যা নিরসনে আমরা গত বাইশে নভেম্বর, ২০২৫ একটি স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করি। সেখানে ৫৫ জন দাতা স্বেচ্ছায় রক্তদান করেন। সরকারি মোবাইল ব্লাড কালেকশন টিমের রক্ত সংগ্রহের ব্যাগ সংখ্যায় কম থাকায় আরো ১৫-২০ জন দাতা নিরাশ হয়ে ফিরে যান।

## প্রতিক্ষিত হাসপাতাল তৈরি সম্পর্কিত কিছু কথা

সাধারণ প্রান্তিক মানুষকে চিকিৎসা পরিষেবা দেওয়ার স্বার্থে এলাকায় হাসপাতাল গড়ে তোলা ছিল মানিকের স্বপ্ন। সেই অপূর্ণ স্বপ্নকে বাস্তব রূপদানের লক্ষ্যে নিমতা ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটি এলাকার সুধী নাগরিকবৃন্দের আন্তরিক সহযোগিতায় নিমতা শরৎপল্লীতে কল্যাণী রোড সংলগ্ন অঞ্চলে আট কাঠা জমি ক্রয় করেছে একথা সকলেরই জানা। কিন্তু নানা প্রতিকূলতার জন্য হাসপাতাল তৈরির কাজ আমরা এখনো শুরু করতে পারিনি। বর্তমান পরিস্থিতির কথা বিবেচনা করে আমরা এম বি রোড বা সংলগ্ন অঞ্চলে আরও বেশি জমি ক্রয় করার চেষ্টা চালিয়ে যাচ্ছি। পাশাপাশি চিকিৎসা পরিষেবা সম্প্রসারণে আমরাও যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছি। নিমতা বটতলা অঞ্চলে এম বি রোডের উপরে আমাদের নতুন ভবনে পূর্ণাঙ্গ দন্ত ও চক্ষু চিকিৎসা কেন্দ্র এবং সমস্ত রকম বিশেষজ্ঞ চিকিৎসকদের রোগী দেখার ব্যবস্থা করা হয়েছে। তবে এ কথাও ঠিক আমরা হাসপাতাল তৈরীর লক্ষে অবিচল। আমরা দ্ব্যর্থহীনভাবে স্বীকার করছি যে, নিমতা অঞ্চলে হাসপাতাল গড়ে তোলার লক্ষ্যে সাধারণ মানুষ যেভাবে আমাদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন, যেভাবে আমাদের কর্মকান্ডের প্রতি আস্থা, ভরসা রেখেছেন আমরা তার মর্যাদা রক্ষায় বদ্ধপরিকর। অতীতের অভিজ্ঞতা থেকে আমরা শিক্ষা গ্রহণ করে এগিয়ে যেতে চাই। সর্বোপরি আমরা এতদঞ্চলের আপামর জনসাধারণের কাছে দায়বদ্ধ।

## ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্র বর্তমানে যে সকল পরিষেবা প্রদান করে

১। মাল্টি স্পেশালিটি ক্লিনিক—এখানে বিভিন্ন বিভাগের প্রায় একশো জন বিশিষ্ট চিকিৎসক সপ্তাহের বিভিন্ন দিনে রোগী পরিষেবায় নিয়োজিত।

২। ২৪×৭ শীতাতপ নিয়ন্ত্রিত যানে নিজস্ব অ্যাম্বুলেন্স পরিষেবা।

৩। শীতাতপ নিয়ন্ত্রিত কম্পিউটারাইজড প্যাথোলজিকাল ল্যাবোরেটরি (NABL Accredited)-এখানে মল, মূত্র, কফ, থুথু সহ সমস্তরকম রক্ত পরীক্ষা স্বল্প মূল্যে যত্নসহকারে করা হয়।

৪। এক্স-রে (ডিজিটাল), ইসিজি (12 Lead), ইকো কার্ডিওগ্রাফি (2D & Colour Doppler), হল্টার মনিটরিং (২৪/৭২ ঘন্টা) এর সুবন্দোবস্ত।

৫। ইউএসজি (USG with Volusion S8), সবরকম এন্ডোস্কপির ব্যবস্থা (নতুন মেশিন কেনা হয়েছে)।

৬। EEG, EMG-NCV, পালমোনারি ফাংশন টেস্ট (PFT), BMD, ইউরোফ্লোমেট্রি (Uroflowmetry)

৭। Physiotherapy Unit

৮। শিশুদের টিকাকরণ, কোভিড-১৯ টিকাকরণসহ বয়স্কদের ইনফ্লুয়েঞ্জা ও নিউমোনিয়া ভ্যাকসিনেশন কর্মসূচি।

৯। অনেক বিশেষজ্ঞ দন্ত চিকিৎসক দ্বারা অত্যাধুনিক দন্ত চিকিৎসা পরিষেবা যেমন, Root Canal Treatment (RCT), Cosmetic dental filling, Crown & bridge, Dental X-Ray through OPG X-Ray machine, Oral Cancer diagnosis and treatment এর ব্যবস্থা চালু হয়েছে।

১০। বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা অত্যাধুনিক চক্ষু পরীক্ষার যন্ত্রাদি যেমন, OCT (Optical coherence tomography) মেশিন, YAG লেসার সিস্টেম, Biometry with A-Scan ultrasound মেশিন এবং Keratometer মেশিন স্থাপন করা হয়েছে উন্নত চিকিৎসা পরিষেবা প্রদানের জন্য।

১১। এখানে নাক, কান, গলার (ENT) সমস্ত রকম পরীক্ষা করা হয়।

১২। বিশেষজ্ঞ ও প্রশিক্ষিত টেকনিশিয়ান দ্বারা নতুন শব্দ নিরোধক ইউনিটে অডিওমেট্রি টেস্ট এর ব্যবস্থা যা এতদঞ্চলে প্রথম।

## নিয়মিত নিউমোনিয়া ও ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন প্রদান ক্যাম্প

বর্তমানে পরিবেশ দূষণ সহ নানাবিধ কারণে প্রবীণ মানুষদের মধ্যে নিউমোনিয়া রোগ ভয়ঙ্কর আকার ধারণ করছে। তাছাড়া সকল বয়সের মানুষেরাও ইনফ্লুয়েঞ্জা রোগে লাগাতার আক্রান্ত হচ্ছেন। আমরা বিভিন্ন বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নিয়মিত স্বাস্থ্যকেন্দ্রে নিউমোনিয়া ও ইনফ্লুয়েঞ্জা রোগের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে ভ্যাকসিনেশন ক্যাম্পের আয়োজন করি। প্রচলিত কথা আছে ‘prevention is better than cure’। তাই, সুধী নাগরিকবৃন্দের সুরক্ষার কথা বিবেচনা করে ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রের তরফে ভবিষ্যতে আরো ভ্যাকশিনেশন ক্যাম্পের আয়োজন করা হবে। আমাদের অনুরোধ, আপনারা নিজেদের সুরক্ষিত রাখুন, নিয়মিত ভ্যাকসিন নিন।

# ‘দায়বদ্ধতার খন্ডচিত্র’ ও ‘স্বাস্থ্যের সন্ধানে’ প্রকাশ

সকলের প্রতীক্ষিত ও কাঙ্ক্ষিত ‘দায়বদ্ধতার খন্ডচিত্র’ ও ‘স্বাস্থ্যের সন্ধানে’র পর পর কয়েকটি সংখ্যা প্রকাশ করতে সক্ষম হয়েছি আমরা। ভবিষ্যতে এই পত্রিকার নিয়মিত প্রকাশে আমরা অঙ্গীকারবদ্ধ। এই পত্রিকা প্রকাশে আপনাদের সুচিন্তিত মতামত পেয়ে আমরা সমৃদ্ধ হবো আশা রাখি।

ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রে প্রবীণ নাগরিকদের জন্য এবং স্বাস্থ্যকেন্দ্রে নথিভুক্ত রোগীদের এখানকার চিকিৎসকদের লিখিত পরীক্ষা নিরীক্ষায় বিভিন্নরকম ছাড়ের ব্যবস্থা আছে। অর্থনৈতিকভাবে অতি দূর্বল রোগীদের বিবেচনা সাপেক্ষে বিশেষ ছাড় দেওয়ার চেষ্টা করা হয়। পাশাপাশি জোরের সঙ্গেই বলছি আমরা আমাদের দেয় সমস্ত পরিষেবার গুণগত মান ও পেশাগত সুক্ষ্মতা বজায় রাখতে সর্বদাই আপসহীন।

এতো কিছু সত্বেও আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, এখনো পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রে আপৎকালীন জরুরী পরিষেবা (EMERGENCY SERVICES) প্রদানের কোনরকম ব্যবস্থা করা সম্ভব হয়নি। সাধারণ মানুষের এই অসুবিধা আমরা সব সময় অনুভব করি কিন্তু পরিকাঠামোগত এবং বিভিন্নরকম সীমাবদ্ধতার কারণে আমরা তা রূপায়ণে অপারগ। তবে এই পরিষেবা প্রদানের গুরুত্ব আমাদের কাছে বিশেষভাবে বিবেচনাধীন।

পরিশেষে বলি, ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্র স্বাস্থ্য পরিষেবা প্রদানের পাশাপাশি বিভিন্ন সামাজিক মাধ্যমেও সাধারণ মানুষের কাছাকাছি পৌঁছে গিয়েছে সংস্থার বিভিন্ন খবরাখবর নিয়ে। আমরা আপনাদের মুখোমুখি হতে চাই, আমাদের দোষ ত্রুটি, ভালো মন্দ জানার জন্য বোঝার জন্য এবং সবশেষে নিজেদের সংশোধনের জন্য। আপনারা আমাদের জানুন, খোলা মনে আমাদের সমালোচনা করুন, আমরা সংশোধিত হই, সকলে মিলে এতদঞ্চলের মানুষের জন্য সুন্দর স্বাস্থ্য পরিষেবা কেন্দ্র গড়ে তুলি।

স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কিত সবরকম তথ্যের জন্য যোগাযোগ ঃ

আমাদের ওয়েবসাইট - **www.abssrk.org**

আমাদের ইমেইল এড্রেস - **abasusmriti@gmail.com**

আমাদের ফেসবুক পেজ ‘**Dr. Amitava Basu Smriti Swastha Raksha Kendra, Nimta**’ নিয়মিত যোগাযোগ করুন।

নিমতা ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটি বিশ্বাস করে, পরিচ্ছন্ন, মুক্ত চিন্তাভাবনা সুস্থ স্বাভাবিক সমাজ গঠনে বিশেষভাবে সহায়ক। স্বাস্থ্য পরিষেবা কেন্দ্র পরিচালনা করতে গিয়ে আমরা স্বচ্ছতা, সার্বভৌমত্ব ও পরিচ্ছন্নতাকে সর্বদাই অগ্রাধিকার দিয়ে এসেছি। আমরা মনে করি, জনসাধারণের শক্তিই আমাদের শক্তি, আমাদের অর্থনৈতিক ভিত্তি মূলত সর্বসাধারণের সহায়তা নির্ভর। পারস্পরিক বিশ্বাসবোধই আমাদের একসাথে এতটা পথ চলতে সাহায্য করেছে একথা অনস্বীকার্য। আমরা কোন কিছুই গোপন করতে চাই না। আমাদের গোপন কোনো কথা নেই। আমরা সবসময়ই উন্মুক্ত করে দিয়েছি নিজেদেরকে সকলের সামনে। মনেপ্রাণে চেয়েছি, শতফুল বিকশিত হোক স্বাস্থ্যকেন্দ্রের আঙিনায়। আসুন, প্রচুর অক্সিজেনে ভরপুর বাতাসে সমৃদ্ধ হই আমরা, নিজেদেরকে আরো ত্রুটিমুক্ত করি।

আমরা সকলে মিলে নিমতা অঞ্চলে স্বনির্ভর স্বাস্থ্যকর সামাজিক পরিবেশ গড়ে তুলব—এই হোক আমাদের অঙ্গীকার।

| | | | | |
|---|---|---|---|---|
| নিমতা, কোল-৪৯ | সভাপতি | কার্যকরি সভাপতি | সম্পাদক | কোষাধ্যক্ষ |
| তাং - ০১/০৩/২০২৬ | **ডাঃ জে. পি. ব্যানার্জী** | **শ্রী চতুরানন হালদার** | **শ্রী পুলক পাল** | **শ্রী তারক ব্যানার্জী** |

ROY CHOWDHURY & MOITRA
CHARTERED ACCOUNTANTS

# AUDITOR'S REPORT

We have audited Receipt & Payment, Income & Expenditure and Balance Sheet for the period 01-04-2024 to 31-03-2025 of **"NIMTA DR. AMITAVA BASU SMRITI RAKSHA COMMITTEE"** at 19, M. B. ROAD (SRAYAN APARTMENT), DISTRICT NIMTA, NORTH 24 PARGANAS – 700049, and report that, we have obtained the information and explanation which to the best of our knowledge and belief that were necessary for the purpose of the audit subject to qualification stated below and in our opinion, proper books of accounts have been maintained. The account represents true and fair view as per submission by the Organisationand in agreement with the books of accounts.

**Place: Kolkata**

**Dated: 23-08-2025**

ROY CHOWDHURY & MOITRA
Suit-A12, 14th Floor, 33A, J. L. Nehru Road, Kolkata - 71
Chartered Accountants

Chiranjib Das

**CA Chiranjib Das**
**Partner**
**Roy Chowdhury &Moitra**
**Chartered Accountants**
**Membership No. 309307**
**Firm Regd. No. 304134E**

**UDIN: 25309307BMIQEC9000**

**Registered Office** Suite A12 14th Floor Chatterjee International Centre 33A JL Nehru Road Kolkata 700071
**Branch Offices** Kolkata | Arambagh | Patna
**Mobile** + 91 98307 66740 | + 91 94330 26373 | + 91 96749 36678
**E mail** contact@cacrm.in **Web** www.carcm.in
FRN : 304134E | GSTIN: 19AAYFR4030P1ZB

## যে সকল চিকিৎসকবৃন্দ প্রতিনিয়ত আপনাদের সেবায় নিয়োজিত

### জেনারেল

| | |
|---|---|
| ডাঃ প্রদীপ কুমার বিশ্বাস<br>MBBS, MD, (Geriatric Medicine) | ঃ মঙ্গল, শুক্র 6 P.M. |
| ডাঃ শুভদীপ বিশ্বাস MBBS, MD | ঃ সোম, বৃহঃ 6.30 P.M. |
| ডাঃ দীপঙ্কর ভট্টাচার্য<br>MBBS, DPH, DTCD, MD (Critical Care) | ঃ বুধ, রবি 5 P.M. |
| ডাঃ গৌতম ধর MBBS, MD | ঃ সোম 8-30 P.M. |
| ডাঃ অভিজিৎ পাল MBBS, MD | ঃ মঙ্গল, বুধ, শনি, রবি 7-30 P.M. |
| ডাঃ রাজদ্বীপ সাহা MBBS, MD | ঃ বৃহস্পতি 8-00 P.M., শনি 5-30 P.M. |
| ডাঃ রানা রজক MD (Medicine) | ঃ সোম, বৃহস্পতি 5-00 P.M. |
| ডাঃ সুপ্রিয় কুন্ডু MBBS | ঃ সোম 8 P.M., মঙ্গল, বুধ 10-30 A.M. |
| ডাঃ সায়ন্তন চক্রবর্তী MBBS | ঃ শনি 10 A.M., বৃহস্পতি 7-00 P.M. |

### জেনারেল সার্জেন

| | |
|---|---|
| ডাঃ এস. কে দত্ত MS<br>(Consultant General Laparoscopic Surgeon) | ঃ বুধ, শনি 2 P.M. |
| ডাঃ শুভ্রজিৎ গাঙ্গুলী MBBS, MS (General Surgery),<br>DNB (General Surgery) | ঃ বৃহস্পতিবার 6 P.M. |

### জেনারেল + চেস্ট

| | |
|---|---|
| ডাঃ শেখর রঞ্জন পাল MBBS, DTCD | ঃ সোম, বুধ, বৃহস্পতি, শনি, রবি 7-30 P.M.<br>মঙ্গল 8-30 P.M. শুক্র 4-30 P.M. |

### চেস্ট স্পেশালিস্ট (Pulmonologist)

| | |
|---|---|
| ডাঃ সুমন্ত্র ব্যানার্জী MBBS, MD | ঃ শনি 5 P.M. |
| ডাঃ কুনাল ধর MBBS, MD | ঃ সোম 10-30 A.M, বুধ 5-30 P.M |
| ডাঃ সায়ন্তন ব্যানার্জী MBBS, MD, MRCP (UK)<br>Consultant Physician & Chest Specialist | ঃ বৃহস্পতি 4 P.M |

## জেনারেল + নিউরো

ডাঃ পি. ডি. সরকার MBBS, FCGP, DNB (1) ঃ সোম, বৃহস্পতি, শুক্র, শনি, রবি 10-30 A.M. মঙ্গল, বুধ 5-30 P.M.

DDMSH & CRC

## নিউরো মেডিসিন

ডাঃ ইন্দ্রনীল দত্ত MBBS, DCH, MD, DM (Neuro) ঃ শুক্র 5-00 P.M.

ডাঃ অমৃত চট্টোপাধ্যায় MBBS, MD, DM (Neuro) ঃ বুধবার 3-00 P.M.

## নিউরো সাইকিয়াট্রি

ডাঃ সপ্তর্ষী মজুমদার MBBS, MD (PSYCHIATRY) ঃ বুধ 11 A.M.

ডাঃ প্রভাস সরকার MBBS, MD (PSYCHIATRY) ঃ শুক্র 7-30 P.M.

ডাঃ রুদ্র প্রসাদ আচার্য্য MBBS, MD (PSYCHIATRY) ঃ বৃহস্পতি 3-00 P.M.

ডাঃ অরুণাংশু পোদ্দার MBBS, MD, (PSYCHIATRY) ঃ সোম 7-30 P.M.

## গ্যাসট্রোলজি

ডাঃ অভিষেক ব্যানার্জী MD (Medicine), DM (Gastroenterology), Consultant Interventional Gastroenterologist & Hepatologist ঃ প্রথম ও তৃতীয় মঙ্গলবার 6-30 P.M.

ডাঃ শেখ সাহিদ আজিজ MD DM (Gastrology) ঃ দ্বিতীয় ও চতুর্থ মঙ্গলবার 5 P.M.

## এন্ডোক্রিনোলজি

ডাঃ সায়ন্তন চক্রবর্ত্তী MD (Medicine), DM (Endocrinology) ঃ সোম 8-00 P.M.

Gold Medalist, MRCP, I & II

## কার্ডিওলজি

ডাঃ সুপ্রতীপ কুন্ডু MBBS, MD (Medicine), DM (Cardiology) ঃ By Appointment

ডাঃ শিবশঙ্কর সরকার MBBS, MD (Medicine) DM (Cardiology) ঃ বুধ 10 A.M. রবি 10 A.M.

ডাঃ শুভাংশু পাল MBBS, MD (Medicine), DM (Cardiology) ঃ শুক্র 7 P.M.

## নেফ্রোলজি

ডাঃ প্রদীপ কুমার দাস MBBS, MD, DM (NEPHRO) ঃ মঙ্গল 4-30 P.M. শুক্র 3-30 P.M.

ডাঃ পূজা ব্যানার্জী MBBS, MRCP, (UK) CCT London ঃ সোমবার 6-30 P.M.

## ইউরোলোজি

ডাঃ কুন্তল পন্ডিত MBBS, DNB ঃ শনি 5-30 P.M.
ডাঃ প্রিয়তোষ দে MBBS, MS, MCH (UROLOGY) ঃ সোম 8 P.M.

## নাক, কান, গলা (ENT)

ডাঃ শ্রীমন্তি বাগ ঃ মঙ্গল 4 P.M., শনি 10-30 A.M., রবি 3 P.M.
ডাঃ অলোক বসু মজুমদার MS, DLO ঃ বৃহস্পতি, শনি 5-30 P.M.
ডাঃ শুভ্র কান্তি সেন MBBS, MS ঃ মঙ্গল, শুক্র 8-00 P.M.
ডাঃ সৌম্য ঘটক MS, DLO ঃ শুক্র 5-30 P.M.
ডাঃ সৌমেন বিশ্বাস MS, DLO ঃ সোম, বুধ 6-00 P.M.

## গাইনোকোলজি

ডাঃ সিতু দে MD, DGO ঃ সোম 6 P.M.
ডাঃ রূপা মুখার্জী MBBS, DGO, MS ঃ মঙ্গল 7-30 P.M.
ডাঃ পারমিতা বিশ্বাস MBBS, MS ঃ বৃহস্পতি 10 A.M.
ডাঃ মোনালিসা বিশ্বাস MBBS, MD ঃ বৃহস্পতি, শনি 5-30 P.M.
ডাঃ পাপিয়া দাস MBBS, DGO, MS ঃ শুক্র 7-30 P.M.
ডাঃ অরুপ রতন পাল MBBS, DIH, MS ঃ মঙ্গল, বুধ, শুক্র 12-00 Noon
ডাঃ জে. পি. ব্যানার্জী MBBS, DGO ঃ রবি 11-30 A.M.
ডাঃ স্বরলিপি মিশ্র MBBS, MS ঃ মঙ্গল 5-30 P.M.
ডাঃ জিওরমা পন্ডা MBBS, MS ঃ বুধ 5-00 P.M.
ডাঃ অর্পিতা চক্রবর্তী DGO, MS ঃ রবিবার 4-30 P.M.
ডাঃ রাজীব দত্ত MBBS, DGO ঃ শনি 6-00 P.M., মঙ্গল 11 A.M.

## অর্থোপেডিক

ডাঃ পিনাকী রায় MBBS, MS ঃ বুধ, বৃহস্পতি, শনি 8 P.M.
ডাঃ দ্বৈপায়ন চ্যাটার্জী MBBS, MS, Mch ঃ সোম—শনি 1-30 P.M.
ডাঃ কিরণ শংকর রায় MBBS, MS ঃ রবি 4-30 P.M.

## রিউম্যাটোলজি

ডাঃ কৌশিক মুখার্জী MBBS, MD, DM (Reheumatologist) ঃ শুক্র 8 P.M.
ডাঃ নবারুণ গুপ্তা MD (PM & R) SSKM Hospital, Kolkata, Pain and Rehabilitation Physician ঃ বুধ 7 P.M.

## চর্ম (স্কিন) (Dermatology)

ডাঃ এস. আহমেদ **MBBS, DNB, MD (DVL)** ঃ মঙ্গল **2-30 P.M.**

ডাঃ তমাল চক্রবর্তী **MD, DVD, MBBS (Cal)** ঃ শুক্র **10-00 A.M.**, রবি **5-30 P.M.**

ডাঃ উমা শংকর ঘোষ **MBBS, DVDL, MD** ঃ সোম, বৃহস্পতি **6-00 P.M.**

ডাঃ সৌম্য দেবতা **MBBS, DVDL, MD** ঃ রবি **3-00 P.M.**

ডাঃ ইন্দ্রাশীষ পোদ্দার **MBBS, DVDL, MD** ঃ বুধ, শুক্র **3-00 P.M.**

ডাঃ ঈশিতা পাত্র **MBBS, DVL, MD** ঃ শনি **6 P.M.**

## শিশু

ডাঃ অপরাজিতা মুখার্জী **MBBS, D.MC.W** ঃ সোম ও শুক্র **6 P.M.** মঙ্গল **7-30 P.M.**, ও শনি **4-30 P.M.**, রবি **7-30 P.M.**

ডাঃ সাগরিকা ভারতী **MBBS, MD** ঃ বৃহস্পতি - **6 P.M.** শনি - **10-30 A.M.**

ডাঃ শতদীপ চক্রবর্তী **MBBS, MD, PGPN (BOSTON)** ঃ রবি, সোম, মঙ্গল, বৃহস্পতি - **6 P.M.** বুধ - **7 P.M.** শুক্র - **8 A.M.**

## মনোরোগ বিশেষজ্ঞ (Counselling Specialist)

শ্রীমতী একত্রিকা ঘোষ **BA, MA, PG Diploma, PhD (Pursuing)** ঃ রবি **12-00 Noon**

শ্রীমতী দেবপ্রিয়া সরকার **PG Diploma (JU), Counselling & Stress Management** ঃ শুক্র **11-00 A.M.**

## সুগার (DIABETES)

ডাঃ সুতপা দাস **MBBS, PHD (MED, RCGP, DIABETES (UK)** ঃ সোম **8-30 A.M.**

ডাঃ রাহুল রায় **MBBS, MD, PG DIPCARD (UK)** ঃ মঙ্গল থেকে শনি **8-30 AM** রবি **5-30 PM** বৃহস্পতি **8-00 P.M.**

ডাঃ অনির্বান বসু **MBBS, PGCCO, CCEEBDM, DIP (DIABETES)** ঃ বুধ **5-30 P.M.** শুক্র **8-00 P.M.**

## ডায়াটেশিয়ান

মিস প্রগতি চ্যাটার্জী **M Sc.** ঃ মঙ্গল, শনি **8-00 P.M.**

## ফিজিওথেরাপি

শ্রীমতী সুদীপা চক্রবর্ত্তী **BPT** ঃ সোম—শনি **1-00 P.M.**

## চক্ষু পরীক্ষক (OPTOMETRY)

| | | |
|---|---|---|
| ডাঃ সুখময় সরকার (DOS) | ঃ | শনি 10 A.M. – 1 P.M./ 5 P.M–9 P.M. |
| ডাঃ কৃষানু বিশ্বাস (DOS) | ঃ | রবি থেকে শুক্র 10 A.M. – 1 P.M. 5 P.M. – 9 P.M. |
| ডাঃ অরিন্দম চক্রবর্ত্তী (DOS) | ঃ | সোম, বৃহস্পতি 8-00 P.M. |
| ডাঃ রূপা চ্যাটার্জী (DOS) | ঃ | বুধ, শনি 8-00 P.M. |

## চক্ষু বিশেষজ্ঞ (Special Eye Care Department)

| | | |
|---|---|---|
| ডাঃ নবনীতা বড়ুয়া MBBS, DO, DNB, FICO, MRCS (EDIN) | ঃ | সোম 5 P.M. |
| ডাঃ অর্চিস্মান পন্ডা MBBS, MS, FICO, MRCSED | ঃ | বুধ 5 P.M. |
| ডাঃ সমরেশ পন্ডা DO, MS | ঃ | শনি 4-30 P.M. |
| ডাঃ জুহি গুপ্তা (MBBS, MS) | ঃ | মঙ্গলবার 5 P.M. |
| ডাঃ জয়ন্ত দত্ত MBBS, MS (Eye Surgen) | ঃ | বৃহস্পতিবার 5-30 P.M. |

## দন্ত বিশেষজ্ঞ (Complete Dental Section)

| | | |
|---|---|---|
| ডাঃ দেবজ্যোতি রায় (B.D.S.) | ঃ | রবিবার 10 AM–1 PM & 6 PM–9 PM<br>সোম—7 PM–9 PM,<br>মঙ্গল 10 AM–1 PM & 6 PM–9 PM<br>বুধবার 11 AM–1 PM & 6 PM–9 PM<br>বৃহস্পতি 10 AM–1 PM & 6 PM–9 PM |
| ডাঃ হৃষিকেশ মহাপাত্র (B.D.S., MDS)<br>(Prosthodontics & Implantology) | ঃ | সোম ও বুধ 9 AM–11 AM<br>শুক্রবার 5 PM–8 PM শনিবার 10 AM–12 PM |
| ডাঃ শ্রেয়সী দত্ত (B.D.S.) | ঃ | সোম 5 PM–7 PM বৃহঃ 5 PM–6PM<br>শনি 5 PM–7 PM<br>শুক্র 9 AM–12 Noon |
| ডাঃ দেবাশিষ কর B.D.S, MDS,<br>(Oral & Maxillofacial Pathology) | ঃ | বৃহস্পতিবার 12 PM<br>(by Appointment) |

বিঃ দ্রঃ - চিকিৎসকদের সময়সূচী বিভিন্ন সময়ে পরিবর্তন হয়। চিকিৎসকদের বিষয়ে জানতে স্বাস্থ্যকেন্দ্রের দূরভাযে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

## নিমতা ডাঃ অমিতাভ বসু স্মৃতিরক্ষা কমিটির তরফে সকল সুধী নাগরিকবৃন্দদের নিম্নলিখিত প্রস্তাব পালনে আহ্বান জানাই—

১। ২০২৫ সালে প্রকাশিত বিশ্ব ক্ষুধা সূচকে (Global Hunger Index) ২৫.৮ স্কোর সহ ১২৩ টি দেশের মধ্যে ভারতের স্থান ১০২ নম্বরে যা ক্ষুধার "গুরুতর" অধীনে পড়ে। এই সূচকে ভারত তার প্রতিবেশী দেশ নেপাল, মায়ানমার, বাংলাদেশ, শ্রীলঙ্কার থেকেও পিছিয়ে রয়েছে। এই সূচকটি মূলত চারটি বিষয় বিবেচনা করে তৈরি করা হয় ঃ অপুষ্টি, শিশুমৃত্যু, শিশুদের ওজন ও বয়সের অনুপাত এবং পাঁচ বছরের কম বয়সী শিশুদের মধ্যে কম ওজনের হার।

পৃথিবীর কত সংখ্যক মানুষের এখনও পর্যাপ্ত আহার জোটে না, কত মানুষ অনাহারে থাকেন, খাদ্যের অধিকার থেকে কত মানুষ বঞ্চিত হচ্ছেন, শরীরে পুষ্টি যাচ্ছে কিনা, সেই নিয়েই বিশ্ব ক্ষুধা সূচকের রিপোর্ট তৈরি হয় প্রতিবছর। ক্ষুধা দূরীকরণে কী কী পদক্ষেপ করা উচিত, ঠিক কোথায় ফাঁক রয়ে যাচ্ছে, তারও বিশদ বর্ণনা থাকে রিপোর্টে (World Hunger Index 2025)।

**আমাদের ভাবনা -** ক্ষুধা হল আজকের দিনে মানুষের মুখোমুখি হওয়া সবচেয়ে দীর্ঘস্থায়ী এবং ভয়াবহ চ্যালেঞ্জগুলির মধ্যে একটি। বিশেষজ্ঞদের মতে, লক্ষ লক্ষ মানুষের পর্যাপ্ত খাবার নেই। সংঘাত এবং জলবায়ু পরিবর্তনের মতো বৈশ্বিক সমস্যার মুখে খাদ্য সংকট আরও খারাপ হতে পারে। এটি বিচ্ছিন্নভাবে বিদ্যমান কোনও সমস্যা নয়; এর সমাধান দারিদ্র, যুদ্ধ, লিঙ্গ সমতা বা নারীদের ক্ষমতায়ন, শিক্ষার সুযোগ বৃদ্ধি, পরিষ্কার জল রক্ষা এবং আরও অনেক কিছুর সাথে সম্পর্কিত যা বিশ্বব্যাপী ক্ষুধা দূর করতে সাহায্য করতে পারে। খাদ্যের সুষম বন্টন বিশেষত সরকারি উদ্যোগে সকল মানুষের কাছে প্রয়োজনীয় খাদ্য ও বিশুদ্ধ পানীয় জল সরবরাহ সুনিশ্চিত করা দরকার। খাদ্যের অপচয় বন্ধ এবং প্রয়োজন অতিরিক্ত খাবার নষ্ট না করে তা ক্ষুধার্তের কাছে পৌঁছে দেওয়া আমাদের দায়িত্ব।

২। ভারতে, প্রসব-পরিবর্তী সময়ে শিশু ও প্রসূতি মায়ের মৃত্যুর হার অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি। শিশুমৃত্যু (IMR) এবং নবজাতক মৃত্যুহার (NMR) উভয়ই হ্রাস পেয়েছে, তবে এখনও উল্লেযোগ্য পরিমাণে মৃত্যুর ঘটনা ঘটছে। বিশেষ করে, প্রসবের সময় বা জন্মের প্রথম চব্বিশ ঘন্টার মধ্যে মৃত্যুর ঘটনা বেশি দেখা যায়। মাতৃমৃত্যুর হারও একটি উদ্বেগের বিষয়।

**আমাদের ভাবনা -** শিশু ও প্রসূতি মৃত্যুহার কমাতে হলে, স্বাস্থ্যসেবার উন্নতি, প্রসবকালীন সঠিক যত্ন, টিকাদান, এবং মায়ের স্বাস্থ্যের দিকে মনোযোগ দেওয়া প্রয়োজন। এছাড়াও, স্যানিটেশন, নিরাপদ জল এবং পুষ্টির ব্যবস্থা করাও জরুরি।

আসুন, আমরা সকলে মিলে ভবিষ্যতে আরও সুন্দর স্বাস্থ্য পরিষেবা প্রদানের সঙ্গে সঙ্গে ক্ষুধা ও রোগমুক্ত সমাজ গঠনে অঙ্গীকারবদ্ধ হই।

# বর্তমানে স্বাস্থ্যকেন্দ্রে যে সমস্ত সুযোগ-সুবিধা পাওয়া যায়

বিভিন্ন বিভাগের এক শতাধিক সাধারণ ও বিশেষজ্ঞ চিকিৎসক রোগীর সেবায় নিয়োজিত

- আধুনিক প্যাথেলজিকাল ল্যাব
- ২৪ ঘন্টা অ্যাম্বুলেন্স পরিষেবা (AC/NON AC)
- আধুনিক ফিজিওথেরাপি ইউনিট
- কম্পিউটারাইজড চক্ষু বিভাগ বিভিন্ন নাগরিক সেবা
- ইসিজি, ইইজি EMG-NCV, BMD, BMI এন্ডোস্কপি
- ২৪ ঘন্টা অক্সিজেন ও নেবুলাইজার সাপোর্ট
- আল্ট্রাসোনোগ্রাফি, ইকো কালার ডপলার, ডিজিটাল এক্স-রে

ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্রে প্রতিদিন গড়ে চার শতাধিক রোগী বিভিন্নরকম চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন।

ডাঃ অমিতাভ বসু স্মৃতি স্বাস্থ্যরক্ষা কেন্দ্র সম্পর্কে আরও জানতে নিচের কিউ আর (**QR**) কোড স্ক্যান করুন

বিশেষজ্ঞ দ্বারা সম্পূর্ণ শব্দ নিরোধক ইউনিটে অডিওমেট্রিসহ কানের সকল প্রকার পরীক্ষা করা হয়।

SCAN ME!

অত্যাধুনিক দন্ত ও চক্ষু ইউনিট নিমতা, বটতলায়